## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থ মন্ত্রণালয় অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

## [ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুক্ক ]

## প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৬৬-আইন/২০২৫/২৯৪-মূসক।— সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ২৪ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-২৫৯-আইন/২০২০/১২২-মূসক এর নিয়রূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত প্রজ্ঞাপনের-

- ক) অনুচ্ছেদ ১ এর ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত "Customs Act, 1969 (Act No. IV of 1969)" এর পরিবর্তে "কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন)" এবং "৭.৫ (সাত দশমিক পাঁচ) শতাংশ" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "১০ (দশ) শতাংশ" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) অনুচ্ছেদ ২ এ উল্লিখিত "৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে "৩০ জুন ২০২৭ খ্রিষ্টাব্দ" সংখ্যাগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।
- ২। এই প্রজ্ঞাপন ১ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ) সচিব